দৈনিক ইনকিলাব

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ...28 APR 1989... ...
পৃষ্ঠা... .. ... ... 5 কলাম... 3... ...

৬

# শিক্ষাঙ্গন

## কৃষি শিক্ষার গুরুত্ব

শিক্ষাই জাতির মেরুদণ্ড। মেরুদণ্ড ছাড়া মানুষ বা অন্য কোন প্রাণী যেমন সোজা হয়ে দাঁড়াতে পারে না। তেমনি শিক্ষাবিহীন জাতি বিশ্বে উন্নত দেশ হিসেবে প্রতিষ্ঠা লাভে ব্যর্থ হয়। বিশ্বের দিকে তাকালে দেখা যায়, যে দেশ শিক্ষার দিকে যত উন্নত, সে দেশ ততো দ্রুত গতিতে নিজেদের ভাগ্যকে উন্নতির দিকে টেনে নিতে সক্ষম হয়েছে। বিজ্ঞান বিশ্বের বিভিন্ন দেশে যত দ্রুতগতিতে উন্নতির ক্ষেত্রে সহায়তা করতে সক্ষম হয়েছে আমাদের দেশে ততোটা নয়। বাংলাদেশের জনসংখ্যা বিস্ফোরণ যেমন একটি ভয়ানক অভিশাপ, তেমনি নিরক্ষরতা বাংলাদেশের আরেকটি ভয়ানক অভিশাপ। এ দু'টি পরস্পর অংগাংগী হয়ে উন্নতির মুখে বাধার প্রাচীর হয়ে দাঁড়িয়েছে।

বাংলাদেশের জনসংখ্যা আজ ১১ কোটির উর্ধ্বে। জনসংখ্যা দিন দিন বেড়েই চলছে। তার সাথে সাথে নিরক্ষরতার মত ভয়ঙ্কর অভিশাপও এদেশে প্রসার লাভ করছে। বর্তমানে বাংলাদেশে শিক্ষার হার ২৬ শতাংশ। এর মধ্যে বেশির ভাগ শুধু নিজের নাম ছাড়া আর বেশি কিছু লিখতে বা পড়তে পারে না। বাকী ৭৪ শতাংশ মানুষ নিরক্ষরতার অন্ধকারে নিমজ্জিত। যে কোন উন্নয়নমূলক কাজের পরিকল্পনার মুখে নিরক্ষরতা প্রধান বাধা হয়ে দাঁড়ায়। উন্নয়নের সকল স্তরেই শিক্ষার প্রয়োজন।

কৃষি প্রধান বাংলাদেশের শতকরা ৯০ জন লোক কৃষির উপর নির্ভর করে থাকে। আর এও সত্য, জাতীয় আয়ের ৬০% কৃষি হতেই আসে। কিন্তু দেখা যায়, এদেশের সবচেয়ে বেশি নিরক্ষরতার চাপে ডুবে আছে কৃষকগণ। কৃষকদের ৯০ ভাগ নিরক্ষরতার কারণে এদেশের অর্থনীতিকে অনুন্নত করে রেখেছে।

উন্নত বিশ্বের প্রতি তাকালে দেখা যায়, তাদের অর্থনৈতিক উন্নয়ন দ্রুতগতিতে এগিয়ে যাওয়ার পেছনে রয়েছে কর্ম প্রেরণা। আর তা সম্ভব হয়েছে শুধু তাদের শিক্ষার কারণেই। একজন নিরক্ষর কৃষক বা শ্রমিক হতে একজন শিক্ষিত কৃষক বা শ্রমিক অনেক বেশি সচেতন। সামগ্রিকভাবে সমস্যা সচেতন। শিক্ষার অভাবে আমাদের কৃষকগণ আজ পুরনো আদি যুগের সেই কাঠের লাঙল আর গরু দিয়ে এমনকি মানুষ নিজেও লাঙল টেনে, চাষাবাদ করছে। কোন পন্থা অবলম্বন করে ফলন অধিক হয়, তা সম্পূর্ণ তাদের অজানা থেকে যায়। কৃষকদের মধ্যে শিক্ষার অভাব থাকায় বই-পুস্তকের সহজ পদ্ধতি বইয়ের পাতায় সীমাবদ্ধ থাকে। কৃষকদের মধ্যে শিক্ষার আলো জ্বেলে দেয়া সম্ভব হলেই আমাদের দেশ উন্নতির ছোঁয়া পেত। এককথায় আমাদের কৃষি উন্নয়ন কর্মকাণ্ডে শিক্ষিত, দক্ষ ও সৃজনশীল সমাজ কর্মীর অভাব। কৃষকদেরকে নিরক্ষরতার অভিশাপ থেকে মুক্ত করা সম্ভব হলেই সহজে আমাদের উন্নতি আসবে।

—আজিজুর রহমান (জনি)